

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৯.২০১৫-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ আব্দুস সেলিম, সাবেক ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, সিরাজগঞ্জ জেলাধীন শাহাজাদপুর কার্যালয়ে কর্মকালীন উক্ত কার্যালয়ের ০৭ জন ঋণী (ঋণী নং-৮৫৮, ৮৫৯, ৮৬০, ৮২২, ৮১৬, ৫৮৭ এবং ৭৭৪) নিকট হতে বিভিন্ন সময়ে আদায়কৃত ২১,৬৩৮/- টাকা সংশ্লিষ্ট ব্যাংকে জমা না দিয়ে আত্মসাত এবং অননুমোদিত অনুপস্থিতির অভিযোগে অত্র দপ্তরের গত ১৮-০৩-২০১৫ খ্রিঃ তারিখে ১৩৫ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

২। যেহেতু, তিনি উক্ত মামলায় আনীত অভিযোগের বিষয়ে লিখিত জবাব দাখিল না করায় বিধি মোতাবেক বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনে তার বিরুদ্ধে ২১,৬৩৮/- (একুশ হাজার ছয়শত আটত্রিশ) টাকা আত্মসাত এবং অননুমোদিত অনুপস্থিতির অভিযোগ প্রমানিত মর্মে উল্লেখ রয়েছে;

৩। যেহেতু, অপর একটি বিভাগীয় মামলায় অত্র দপ্তরের ২৩-১১-২০১৫ খ্রিঃ তারিখের ৪২৫ সংখ্যক স্মারকে তাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(এ), ৩(বি) ও ৩(ডি) বিধিতে দোষী সাব্যস্ত করে একই বিধিমানার ৪(৩)(বি) ধারার বিধান মতে চাকুরি হতে বাধ্যতামূলক অবসরদান(compulsory retirement) দণ্ড প্রদান করা হয়;

৪। যেহেতু, ইতোমধ্যে তাকে চাকুরি হতে বাধ্যতামূলক অবসর(compulsory retirement) প্রদান করা হয়েছে সেহেতু বর্তমান বিভাগীয় মামলা চলমান রাখার সুযোগ নেই;

৫। এক্ষণে সেহেতু, বর্ণিত বিভাগীয় মামলাটি নথিজাত করা হলো। তদন্তে প্রমানিত তার কর্তৃক আত্মসাতকৃত মোট ২১,৬৩৮/- (একুশ হাজার ছয়শত আটত্রিশ) টাকা তার পেনশন/গ্রাচুইটি হতে সমন্বয়যোগ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯

তারিখঃ ১৬/৫/১৫ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৯.২০১৫-১৬৫

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিরাজগঞ্জ।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা/কল্যাণ কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা(পত্রের নির্দেশনা বাস্তবায়ন করতে অনুরোধ করা হলো)।
- ০৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শাহাজাদপুর/কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, শাহাজাদপুর/কামারখন্দ, সিরাজগঞ্জ-কে পত্রে উল্লিখিত দণ্ডদেশ সম্পর্কে কর্মচারীকে অবহিত করতে অনুরোধ করা হলো।
- ০৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, শাহাজাদপুর, সিরাজগঞ্জ।
- ০৯। জনাব মোঃ আব্দুস সেলিম, সাবেক ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, শাহাজাদপুর, সিরাজগঞ্জ।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১১। অফিস কপি/গার্ড ফাইল।